



পত্র নং-৩০০৯/শা-২/প.

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৮
১২ আগস্ট ২০২১

অধ্যক্ষ, জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট, নয়ারহাট, সাভার, ঢাকা।

অধ্যক্ষ, শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ১৬/সি-ডি, নূরজাহান রোড (বাঁশবাড়ী), মোহাম্মদপুর, ঢাকা।

বিষয় :- পরীক্ষার ফরম ও ফিস জমা দেওয়া প্রসঙ্গে।

জনাব,

২০২০ সনের বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ের লেভেল-১, টার্ম-২, বি.এসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিষয়ের লেভেল-২, টার্ম-২, বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) লেভেল-২, টার্ম-২, বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ের লেভেল-২, টার্ম-২, বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ের লেভেল-৩, টার্ম-২, বি.এসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিষয়ের লেভেল-৩, টার্ম-২, বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) লেভেল-৩, টার্ম-২, বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ের লেভেল-৪, টার্ম-২, বি.এসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিষয়ের লেভেল-৪, টার্ম-২ ও ২০২০ সনের বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ৪র্থ বর্ষ (রিটেক), বি.এসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিষয়ের লেভেল-১, টার্ম-২, বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) লেভেল-১, টার্ম-২ এবং বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) লেভেল-১, টার্ম-২ (রিটেক) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরম ও ফিস বিনা বিলম্ব ফিসে আগামী ০৫-০৯-২০২১ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করে ফরমসমূহ স্ব-স্ব কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করিতেছি। “www.ducmc.com” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে। উল্লেখ্য যে, ০৫-০৯-২০২১ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

- | | | |
|-----|--|---------------|
| (ক) | উক্ত পরীক্ষাসমূহের সকল বিষয়ের জন্য প্রতি পরীক্ষার্থীর পরীক্ষার ফিস----- | ৩,০০০/০০ টাকা |
| (খ) | রিটেক/ইমপ্রুভমেন্ট এক বা দুই বিষয়ের জন্য পরীক্ষার ফিস ----- | ৩,০০০/০০ টাকা |
| (গ) | রিটেক/ ইমপ্রুভমেন্ট তিন বা ততোধিক বিষয়ের জন্য পরীক্ষার ফিস ----- | ৪,৫০০/০০ টাকা |
| (ঘ) | প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস ----- | ৩০০/০০ টাকা |
| (ঙ) | অনিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর রিটেনশন ফিস ----- | ৭৫০/০০ টাকা |
| (চ) | নন-কলেজিয়েট সংশ্লিষ্ট প্রত্যেক নন-কলেজিয়েট পরীক্ষার্থীর নন-কলেজিয়েট ফিস----- | ২,২৫০/০০ টাকা |
| (ছ) | প্রত্যেক পরীক্ষার্থীকে অনলাইন এন্ট্রিফরম ফি বাবদ ১০০ (একশত) টাকা কলেজে জমা দিতে হবে। | |
| (জ) | প্রত্যেক পরীক্ষার্থীর কেন্দ্র ফিস স্ব-স্ব কলেজে জমা দিতে হবে। | |

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস দাখিল করিতে হইবে।

- ১। রোলশীটের হেডিংয়ে পরীক্ষার্থীদের নামের কলামের পরেই “Regular/Irregular” আরো একটি কলাম টাইপ করিতে হইবে এবং “Regular” পরীক্ষার্থীর নামের পার্শ্বে “Regular” শব্দ এবং “Irregular” পরীক্ষার্থীর নামের পার্শ্বে “Irregular” শব্দ টাইপ করিতে হইবে।
- ২। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী যে কোন পরীক্ষায় যে কোন বিষয়ে রেফার্ড পাইয়াছে সেই সকল পরীক্ষার্থীকে “Irregular” পরীক্ষার্থী হিসাবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে।
- ৩। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী কোন পরীক্ষায় কোন বিষয়ে রেফার্ড পায় নাই কেবলমাত্র সেই সকল পরীক্ষার্থীদেরকে “Regular” পরীক্ষার্থী হিসাবে গণ্য করিতে হইবে।
- ৪। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাশে হাজিরা ৬০% হইতে ৭৪% এর মধ্যে আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে নন-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসাবে গণ্য করিতে হইবে এবং নন-কলেজিয়েট ফিস পরিশোধ করিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাশে হাজিরা ৬০% এর কম আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে ডিস-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসাবে গণ্য করিতে হইবে যাহারা পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না।
- ৫। ছাত্র/ছাত্রীদের ১ম বর্ষে ভর্তির সঠিক সন রোলশীটে উল্লেখ করিতে হইবে। পরীক্ষার্থীদের নাম তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের সঙ্গে অবশ্যই যাচাই করিতে হইবে।
- ৬। পরীক্ষার এন্ট্রি ফরম ও প্রবেশ পত্রে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৭। পরীক্ষার প্রবেশ পত্র ও এন্ট্রি ফরম পরীক্ষার্থীদেরকে নিজ হস্তে পূরণ করিতে হইবে। প্রবেশ পত্রের যথাস্থানে পরীক্ষার্থীর একটি পাসপোর্ট আকারের ছবি লাগাইতে হইবে। ছবিটি অধ্যক্ষ মহোদয় এইরূপে সত্যায়িত করিবেন যাহাতে তাঁহার স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ ছবির বাহিরে প্রবেশ পত্রের উপর থাকে।
- ৮। দেয় ফিসের টাকা “Fees from the Constituent College” এই নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার তৈয়ার করিয়া ফর্মের সঙ্গে জমা দিতে হইবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/c Payee) হইতে হইবে।
- ৯। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।
- ১০। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া ফরম ও ফিসের সহিত জমা দিতে হইবে।
- ১১। পরীক্ষার্থীদের পূর্ববর্তী পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।

প্রশাসনিক ভবন,

ঢাকা বিশ্ববিদ্যালয়।

ঢাকা-১০০০।

“আল-আমিন”

Circular-BS.c in Textile Eng.2020

আপনার বিশুদ্ধ

(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয়।

